

## উদাসী প্রভাত

—কানন দাশগুপ্তা সোম

মেঘলা মন ভরে থাকা শরতের  
নীল পেয়ালায়,  
ছড়িয়ে আছে, বসন্ত বাতাসের  
পাপড়ি উজ্জ্বল আশায় ।  
বাতাসের রং মেখে রঙিন পাতা  
ঝরে টুপটাপ,  
সবুজ আকাশে ছায়া যেন কায়া  
হয় প্রলাপ আলাপ ।  
অভিমনে রাতে বনের মেয়ে  
কাঁদে,  
তাহারি কামনা উদাস প্রাতে ।।

